



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫৬৯

তারিখ: ০৭/০৫/২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা শুরু

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) শারীরিক শিক্ষা বিভাগের ব্যবস্থাপনায় শুরু হলো আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা-২০২৫। আজ বুধবার (৭ই মে) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে প্রতিযোগিতাটি উদ্বোধন করেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ট্রেজারার ড. মোহাম্মদ সোলায়মান বলেন, খেলোয়াড়দের যে খেলোয়াড় সুলভ আচরণ থাকার কথা ও দর্শকদের যে সহিষ্ণুতা থাকার কথা তার কিছুটা ব্যাঘাত ঘটছে, তিনি আশা করেন যে বিভাগগুলো অংশগ্রহণ করবে। খেলোয়াড়দের খেলা সুলভ ও দর্শকদের দর্শক সুলভ আচরণ করার আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, শান্তিপূর্ণ খেলা পরিচালনার জন্য সকলে সহায়ক শক্তি হিসেবে কাজ করবে। খেলায় হারজিত থাকবে, সেটা আমরা মেনে নিবো এবং বৈরী আবহাওয়ার কারণে কমিটি যে সিদ্ধান্ত দিবে সেগুলো মেনে নিবো। সর্বোপরি খেলার সুন্দর সমাপ্তির লক্ষ্যে প্রতিটি বিভাগ প্রতিদ্বন্দ্বিতামূলক খেলা উপহার দিবে এবং এর মাধ্যমে আন্তঃবিশ্ববিদ্যালয় যে খেলা হয়, সেখানে ভালো ক্রিকেটার পাওয়া যাবে, ব্যক্তিগত অনুশীলন আমাদের সামষ্টিক বোঝাপড়া এবং বিশ্ববিদ্যালয়কে ব্র্যান্ডিং করতে শিক্ষার্থীরা কী করতে পারেন, এই জিনিস গুলো রপ্ত করতে পারবে। ভবিষ্যতেও এ খেলাধুলা কার্যক্রম সুন্দরভাবে সম্পাদনা হবে এবং আন্তঃহল এই প্রতিযোগিতা গুলো হওয়ার জন্য মাননীয় উপাচার্যের নির্দেশনা রয়েছে, তিনি আশা করেন ক্রিয়া কমিটি এ ব্যাপারেও সচেষ্ট হবেন।

বিশ্ববিদ্যালয়ের ক্রিয়া কমিটির আহ্বায়ক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন বলেন, আমাদের খেলাগুলো শান্তি-শৃঙ্খলার মধ্য দিয়ে পরিচালিত হোক। নভেম্বরে স্পোর্টস কমিটি গঠন করার পর একটি খেলাও বাদ যায়নি, বিশ্ববিদ্যালয়ের যে খেলাগুলো বারো মাসে হয়, সেগুলো আমরা তিন মাসে সম্পন্ন করেছি।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম বলেন, খেলায় হারজিত থাকবে সেটা মেনে নেওয়ার মানসিক প্রস্তুতি নিতে হবে। তিনি আরও বলেন, যে উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের খেলাধুলা পরিচালনা করা হয়, সে উদ্দেশ্যে যেন শিক্ষার্থীরা সফল করেন এবং আশ্পায়ার যে সিদ্ধান্ত দিবেন সেটা যেন মেনে নেন।

শিক্ষার্থীরা নিচের দেওয়া ওয়েবসাইট ও অ্যাপের মাধ্যমে খেলার আপডেট জানতে পারবেন:

<https://cricheroes.com/tournament/1466774/Comilla-University-Inter-Department--Cricket-Competition-2025>

via CricHeroes App

<https://crichero.es/apps>

উল্লেখ্য, আজকের উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করে তথ্য ও ব্যবস্থাপনা বিভাগ বনাম ইংরেজি বিভাগ।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি